

A wooden cross made of two rough, natural logs is positioned in the upper right quadrant of the image. The background is a dramatic sky with a sunset or sunrise, featuring soft, glowing clouds in shades of orange, yellow, and blue. The overall mood is peaceful and spiritual.

# ক্রুশের বার্তা

## যীশু খ্রীষ্ট

### মানব জাতির দ্বারা ক্রুশাহত

আজ থেকে প্রায় ২০০০ বৎসর আগে, জেরুজালেম শহরের বাইরে, একদল কৌতূহলী এবং বিদ্রূপকারী লোকদের দ্বারা পরিবেষ্টিত হয়ে, একটি কাঠের ক্রুশের উপরে একজন লোককে দস্যুর মত করে পেরেক বিদ্ধ করা হয়েছিল।

যদিও, তিনি তার জীবনে অনেক লোকদেরকে সাহায্য করেছেন এবং কখনো কারো সাথে অন্যায় আচরণ করেন নাই, তবুও তিনি প্রত্যাখ্যাত হয়েছেন। তার এই প্রেমের প্রতি লোকদের প্রতিউত্তর ছিল তাকে ক্রুশে দেওয়া।

কিভাবে এই ক্রুশবিদ্ধ ব্যক্তি সাড়া প্রদান করেছিলেন? তিনি অত্যন্ত ধৈর্য-সহকারে এই তীব্র ব্যাথা এবং ব্যাঙ্গাত্মক উপহাস সহ্য করলেন। নিজেকে প্রতিরক্ষা করা কিংবা সাহায্য প্রার্থনা করার পরিবর্তে, তিনি তার পিতার কাছে এই প্রার্থনা করলেন, হে পিতা, "ইহাদিগকে ক্ষমা কর, কেননা ইহারা কি করিতেছে, তাহা জানে না"। তার এই প্রেম লোকদের ঘৃণার থেকেও বেশি শক্তিশালী ছিল।

আর এই ক্রুশাহত ব্যক্তিই হলেন, যীশু খ্রীষ্ট,  
স্বয়ং ঈশ্বরের পুত্র!

## যীশু খ্রীষ্ট

### ঈশ্বরের দ্বারা শাস্তিপ্রাপ্ত হলেন

যীশু যখন ক্রুশের উপরে ঝুলন্ত অবস্থায় ছিলেন, হঠাৎ চারিদিকে অন্ধকার হয়ে গেল। প্রায় তিন ঘন্টা যাবৎ, তিনি আর দৃশ্যমান ছিলেন না, কারণ এই সময় তিনি ঈশ্বরের কাছ থেকে শাস্তি গ্রহণ করছিলেন যা কিনা আমাদের পাপময় জীবনের জন্য প্রয়োজ্য ছিল।

এই কারণে, পরিশেষে তিনি চিৎকার করে বলেছেন, "ঈশ্বর আমার, ঈশ্বর আমার, কেন তুমি আমাকে পরিত্যাগ করিয়াছ?" তিনি যে গভীর যন্ত্রণার মধ্যে দিয়ে যাচ্ছিলেন, যা এই তীব্র আতর্নাদের মধ্যে দিয়ে প্রকাশ করেছেন। তার এই নিঃস্বার্থ প্রেমের কারণে, যারা তাকে ব্যক্তিগতভাবে বিশ্বাস করে, তাদের পরিবর্তে তিনি ঈশ্বরের কাছ থেকে শাস্তি ভোগ করেছেন।

তিন ঘন্টা পরে আবার চারিদিক আলোকিত হলো এবং ঈশ্বরের পুত্র চিৎকার করে বললেন "সমাপ্ত হইল!" আর তখন তিনি মৃত্যুবরণ করলেন। তার এই কষ্টভোগ এবং মৃত্যুর মধ্যে দিয়ে, তিনি মানব জাতির পরিত্রানের জন্য প্রয়োজনীয় সকল বিষয় পরিপূর্ণ করলেন"।

আর এটিই যীশু খ্রীষ্ট  
আপনার জন্য করেছেন:

সুতরাং, আপনাকে  
আজ আহ্বান জানানো হয়েছে:

"আমাদের পাপের  
জন্য যীশু খ্রীষ্টও  
শাস্তি ভোগ করেছেন,  
যেন তিনি আমাদের  
প্রভুর কাছে নিয়ে যেতে পারেন।"

পবিত্র বাইবেল, ১ পিটার অধ্যায় ৩, ১৮ পদ

"তঁাহারা কহিলেন,  
তুমি প্রভু যীশুতে  
বিশ্বাস কর,  
তাহাতে পরিত্রান পাইবে।"

পবিত্র বাইবেল, এফেস ১৬ অধ্যায়, ৩১ পদ

## যীশু খ্রীষ্ট, আমাদের মুক্তিদাতা

ত্রুশের বার্তা ঈশ্বরের বিস্ময়কর প্রেমের কথা বলে। অনন্তকালীন বিচার থেকে মানুষকে উদ্ধার করার জন্য যীশু খ্রীষ্ট ত্রুশের উপরে মৃত্যুবরণ করলেন। কিভাবে আজকে আমরা আমাদের জন্য এই পরিত্রানের দাবি করতে পারি?

**"অনুতপ্ত হোন, এবং সুসমাচারে বিশ্বাস করুন।"**

পবিত্র বাইবেল, মার্ক অধ্যায় ১, ১৫ পদ

যে ব্যক্তি স্বীকার করে যে তার জীবন ঈশ্বরের পথানুরূপ চলছে না এবং ঈশ্বরের নিকট সকল কৃতকর্ম স্বীকার করে নেয়, ধরে নিতে পারে যীশু খ্রীষ্টকে তার কর্মের জন্যে ত্রুশে চড়ানো হয়েছিলো। সে তার কৃতকর্মের বোঝা হতে মুক্তি পাবে এবং নতুন জীবন লাভ করবে।

এটি আপনার জন্যেও প্রযোজ্য। যীশু খ্রীষ্ট আপনার জন্যে ত্রুশে মৃত্যুবরণ করেছেন এবং তার উপর এবং তার কাজের উপর বিশ্বাস স্থাপনের আহ্বান জানিয়েছেন।

## যীশু খ্রীষ্ট, আমাদের বিচারক

ত্রুশের বার্তা আমাদেরকে দেখিয়ে দেয় যে, পাপের জন্য ঈশ্বরের বিচারে শাস্তির বিধান রয়েছে। এই কারণে, যারা তাকে বিশ্বাস করে তাদের জন্য তিনি ঈশ্বরের বিচারাধীন হলেন।

যদি আপনি যীশু খ্রীষ্টকে উপেক্ষা করেন এবং তার পরিত্রানের কাজকে তুচ্ছ করেন, তবে আপনি আপনার পাপের বোঝা নিয়ে তলিয়ে যেতে থাকবেন। আপনি যে সকল পাপকাজ করেছেন, তার জন্য আপনার মৃত্যুর পরে ঈশ্বরের বিচার অপেক্ষা করেছে।

**"যারা যীশুতে বিশ্বাস করে তাদের পরীক্ষার সম্মুখীন হতে হয়নি,**

**কিন্তু যারা বিশ্বাস করেনি ইতিমধ্যেই শাস্তি পাচ্ছে।"**

পবিত্র বাইবেল, জন অধ্যায় ৩, ১৮ পদ

ত্রুশের বার্তা আজ আপনার সম্মুখে একটি সিদ্ধান্ত রেখেছে: আপনি কি যীশু খ্রীষ্টকে আপনার মুক্তিদাতা হিসাবে গ্রহণ করতে চান? অন্যথায়, একদিন আপনার সাথে তার বিচারক হিসাবে দেখা হবে!

"কারণ সেই ক্রুশের কথা,  
যাহারা বিনাশ পাইতেছে,  
তাহাদের কাছে মূর্খতা,  
কিন্তু পরিত্রান পাইতেছি যে আমরা,  
আমাদের কাছে তাহা  
ঈশ্বরের পরাক্রমস্বরূপ।"

পবিত্র বাইবেল, ১ করিন্থীয় ১ অধ্যায়, ১৮ পদ

বাইবেল অধ্যয়ন কর – ঈশ্বরের বাক্য!

**GBV Dillenburg GmbH**

Eiershäuser Straße 54

35713 Eschenburg • GERMANY

[www.gbv-dillenburg.de](http://www.gbv-dillenburg.de) • [www.gbv-online.org](http://www.gbv-online.org)

© 2020 by GBV 

Beröa-Verlag • CH • [www.beroea.ch](http://www.beroea.ch) – এর অনুমতি সাপেক্ষে

GBV  117 5450 The Message of the Cross (Bengali)